# আপনার বিদ্যুৎ সরবরাহের মূল্য পরিবর্তন সম্পর্কে City of Cambridge-এর একটি গুরুত্বপূর্ণ বার্তা

18 ডিসেম্বর, 2025

**আপনার নতুন, কম বিদ্যুৎ সরবরাহ মূল্য:**

**14.90 ¢/kWh**

*এটি আপনার ফেব্রুয়ারির বিলে দেখুন।*

**অ্যাকাউন্টের জন্য:**

**গ্রাহক সহায়তা: 844-379-9934**

**আরও তথ্য ও স্ব-পরিষেবা:**

**CambridgeMA.gov/enrollCCE**

**আপনার বিদ্যুৎ অ্যাকাউন্টটি Cambridge Community Electricity-তে নথিভুক্ত আছে**, যা আমাদের সিটির গ্রুপ ভিত্তিক বিদ্যুৎ ক্রয় কর্মসূচি। স্টেট আইন অনুযায়ী, বেশিরভাগ বিদ্যুৎ গ্রাহকের ক্ষেত্রে নথিভুক্তি স্বয়ংক্রিয়ভাবে হয়ে থাকে।

এই কর্মসূচির মাধ্যমে, আপনি আপনার Eversource বিদ্যুৎ বিলের সরবরাহ অংশের জন্য Cambridge-এর নির্ধারিত মূল্য পরিশোধ করে থাকেন। আপনি **100% Green** অপশনে অন্তর্ভুক্ত, যার মানে আপনি আপনার বিদ্যুতের 100% নতুন নবায়নযোগ্য শক্তির উৎস থেকে পাচ্ছেন।

জানুয়ারি থেকে, আপনি **কম মূল্যে** বিদ্যুৎ পাবেন:

- আপনার বর্তমান বিদ্যুৎ সরবরাহ মূল্য হলো 16.82 ¢/kWh। আপনার নতুন মূল্য হবে **14.90 ¢/kWh**।
- আপনার নতুন মূল্য জানুয়ারি 2026 থেকে জানুয়ারি 2029 পর্যন্ত অপরিবর্তীত থাকবে।
- আপনার নতুন মূল্য Eversource-এর প্রস্তাবিত আবাসিক মূল্য 15.065 ¢/kWh থেকেও **কম**, যা 1 ফেব্রুয়ারি, 2026 থেকে কার্যকর হবে। অপর পৃষ্ঠায় Eversource-এর সকল মূল্য দেখুন।

*যেহেতু Eversource-এর মূল্য পরিবর্তনশীল এবং ভবিষ্যতের মূল্য অজানা, তাই Eversource-এর সাথে তুলনা করে ভবিষ্যতের সঞ্চয় নিশ্চিত করা যায় না।*

## এটি আপনার সিদ্ধান্ত। আপনার জন্য যেটি সঠিক, সেটি বেছে নিন।

▶ **আপনি যদি অংশগ্রহণ চালিয়ে যেতে চান**: 100% Green অপশনে আপনার অন্তর্ভুক্তি জানুয়ারি মাসে স্বয়ংক্রিয়ভাবে **14.90 ¢/kWh**-এ নবায়ন হবে, এবং আপনি নতুন মূল্য আপনার ফেব্রুয়ারি মাসের Eversource বিদ্যুৎ বিলে দেখতে পাবেন।

▶ **আপনি যদি আপনার কর্মসূচির বিকল্প অপশন পরিবর্তন করতে চান:** Standard Green অপশনটি বেছে নিন, যাতে আপনি 75% বিদ্যুৎ নতুন নবায়নযোগ্য উৎস থেকে পান। সর্বনিম্ন কর্মসূচির মূল্যের জন্য Economy অপশনটি বেছে নিন। সমস্ত মূল্য জানুয়ারি 2026 থেকে জানুয়ারি 2029 পর্যন্ত অপরিবর্তীত থাকবে।

**আপনার অ্যাকাউন্টটি এখানে স্বয়ংক্রিয়ভাবে নবায়ন হবে**

| 100% GREEN | STANDARD GREEN | ECONOMY |
|---|---|---|
| 14.90 ¢/kWh | 14.48 ¢/kWh | 13.77 ¢/kWh |
| নতুন নবায়নযোগ্য উৎস থেকে 100% | নতুন নবায়নযোগ্য উৎস থেকে 75% | কর্মসূচির সর্বনিম্ন মূল্য |

▶ **আপনি যদি কর্মসূচি ত্যাগ করতে চান:** আপনি কোনো ফি বা জরিমানা ছাড়াই কর্মসূচি ত্যাগ করতে পারেন এবং Eversource বর্তমান Basic Service মূল্য পেতে পারেন অথবা আপনি কোনো বিদ্যুৎ সরবরাহকারীর সাথে আপনার নিজস্ব চুক্তি স্বাক্ষর করতে পারেন। অপর পৃষ্ঠায় Eversource-এর বর্তমান মূল্য দেখুন।

**ভিন্ন কর্মসূচির অপশন বেছে নিতে বা কর্মসূচি ত্যাগ করতে, CambridgeMA.gov/enrollCCE-এ যান অথবা সিটির কর্মসূচি পরামর্শদাতাদের সাথে 844-379-9934 নম্বরে গ্রাহক সহায়তায় যোগাযোগ করুন।**

## Cambridge 100% Green তুলনা ▼

**আপনি যদি কর্মসূচি ত্যাগ করতে চান ▼**

| 100% গ্রিন | আপনার বর্তমান মূল্য | আপনার নতুন মূল্য | Eversource-এর Basic Service *প্রস্তাবিত মূল্য* |
|---|---|---|---|
| **মূল্য** | **16.82 ¢/kWh** | **14.90 ¢/kWh** | **15.065 ¢/kWh** - আবাসিক<br>**14.466 ¢/kWh** - ক্ষুদ্র ব্যবসা<br>**17.329 ¢/kWh** - বৃহৎ ব্যবসা |
| **মূল্য সময়কাল** | জানুয়ারি 2024 - ডিসেম্বর 2025 | জানুয়ারি 2026 - জানুয়ারি 2029 | 1 ফেব্রুয়ারি - 31 জুলাই 2026, আবাসিক এবং ক্ষুদ্র ব্যবসা।<br>1 ফেব্রুয়ারি - 30 এপ্রিল 2026, বৃহৎ ব্যবসা। |
| **নতুন নবায়নযোগ্য শক্তির উৎস থেকে বিদ্যুৎ (মোট বিদ্যুতের %)*** | | | |
| Cambridge কর্তৃক যোগ করা হয়েছে | 73% | 70% | - |
| স্টেট আইন অনুযায়ী আবশ্যক (MA Class I RECs) | 27% | 30% | 30% |
| **মোট** | **100%** | **100%** | **30%** |

* টেবিলে প্রদর্শিত নবায়নযোগ্য শক্তি কেনার পাশাপাশি, কর্মসূচির বিদ্যুৎ সরবরাহকারীকে স্টেট আইনের অধীনে অন্যান্য পরিচ্ছন্ন বা নবায়নযোগ্য উৎস থেকে RECs কিনতে হবে। এই ক্রয়টি অংশগ্রহণকারীদের মোট বিদ্যুৎ ব্যবহারের 39%-এর সাথে অবশ্যই মিলতে হবে।

## অতিরিক্ত তথ্য:

- **Cambridge Community Electricity** কর্মসূচিটি 2017 সালে চালু হওয়ার পর থেকে Eversource-এর মূল্যের তুলনায় **অংশগ্রহণকারীদের $95 মিলিয়নের বেশি সঞ্চয় করতে সহায়তা করেছে**। তবে, Eversource-এর মূল্য পরিবর্তনশীল এবং ভবিষ্যতের মূল্য অজানা হওয়ায় **ভবিষ্যতে সঞ্চয় নিশ্চিত করা যায় না।**
- **কর্মসূচির সকল অংশগ্রহণকারী সরাসরি নতুন নবায়নযোগ্য শক্তি প্রকল্পের উন্নয়নে অবদান রাখেন।** সকল অংশগ্রহণকারী Cambridge-এর Graham and Parks Elementary School-এর একটি স্থানীয় সোলার প্রকল্পকে সমর্থন করেছেন। এছাড়াও, Standard Green এবং 100% Green কর্মসূচি অপশনের অংশগ্রহণকারীরা Illinois-এ একটি নতুন সোলার প্রকল্প এবং North Dakota-এ একটি নতুন উইন্ড প্রকল্পের উন্নয়নে সহায়তা করেছেন। যেহেতু এই প্রকল্পগুলো এমন বৈদ্যুতিক গ্রিডে অবস্থিত যেখানে বিদ্যুৎ উৎপাদন New England-এর তুলনায় বেশি কার্বন নিঃসরণ করে, তাই এই পরিচ্ছন্ন প্রকল্পগুলো New England-এর অনুরূপ প্রকল্পের চেয়ে বেশি নিঃসরণ এড়াতে সহায়তা করে। Standard Green এবং 100% Green কর্মসূচি অপশনের অংশগ্রহণকারীরা স্টেটের ন্যূনতম চাহিদার অতিরিক্ত হিসেবে এসব প্রকল্প থেকে অতিরিক্ত নবায়নযোগ্য জ্বালানি সনদ পান।
- **আপনার বিদ্যুৎ সরবরাহকারী হিসেবে Direct Energy Services, LLC ("Direct Energy") অপরিবর্তিত থাকবে**, যা আমাদের কমিউনিটিকে ধারাবাহিকভাবে উৎকৃষ্ট সেবা প্রদান করে আসছে। আপনার বিলে, আপনি "Cambridge Comm Elec Direct Energy" দেখতে পাবেন। আগের মতোই, বিদ্যুতের ক্ষেত্রে আপনার মূল যোগাযোগ থাকবে Eversource-এর সাথে, এবং বিদ্যুৎ বিভ্রাট হলে আপনাকে তাদের সাথেই যোগাযোগ করতে হবে। এছাড়াও, Eversource আপনার বিদ্যুৎ বিল পাঠানো চালিয়ে যাবে, এবং Cambridge Community Electricity-র অংশগ্রহণকারী হিসেবে এটি একমাত্র বিদ্যুৎ বিল যা আপনি পাবেন।
- **Direct Energy-এর সাথে নতুন চুক্তির শেষে,** সিটি আরও একটি দীর্ঘমেয়াদী চুক্তি করার পরিকল্পনা করছে। বিদ্যুৎ সরবরাহকারী এবং নবায়নযোগ্য শক্তির পরিমাণ পরিবর্তিত হতে পারে, এবং মূল্য বর্তমান মূল্যের চেয়ে বেশি বা কম হতে পারে। আপনি কর্মসূচিকে অন্যথায় অবহিত না করা পর্যন্ত নতুন মূল্যে একই কর্মসূচির অপশনে বহাল থাকবেন। এই ধরনের কোনো পরিবর্তনের ক্ষেত্রে সিটি পূর্ব-নোটিশ প্রদান করবে, এবং পরিবর্তন কার্যকর হওয়ার আগে আপনি কর্মসূচি থেকে বের হওয়া বা আপনার অপশন পরিবর্তন করার স্বাধীনতা পাবেন।

## বিদ্যুৎ প্রতারণা থেকে নিজেকে সুরক্ষিত রাখুন!

▶ কেউ আপনাকে ফোন করে অর্থ বা গিফট কার্ড চাইলে **সন্দেহ করুন**, এমনকি যদি তারা বলে যে তারা Eversource-এ কাজ করে। **আপনি কার সাথে কথা বলছেন যদি তা নিশ্চিত না হন**, তাহলে ফোন রেখে দিন, Eversource-এ কল করুন এবং তাদেরকে আপনার অ্যাকাউন্ট স্ট্যাটাস যাচাই করতে বলুন।